




নম্বর: ০৫.৪৫.৬১০০.০১৭.০১.০০৯.১৯.২০

তারিখ: ২৮ মাঘ ১৪২৭
১১ ফেব্রুয়ারি ২০২১

গণ বিজ্ঞপ্তি

এতদ্বারা ময়মনসিংহ জেলা ম্যাজিস্ট্রেসি হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্যাবধি যে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণ তাদের আগ্নেয়াস্ত্রের লাইসেন্সসমূহ হালনাগাদ ২০২১ সালের জন্য নবায়ন করেননি বা অন্য কোন জেলা ম্যাজিস্ট্রেসি হতে নবায়ন করে থাকলেও তা এ কার্যালয়কে অবহিত করেননি অথবা লাইসেন্স থাকার পরও তাতে বর্ণিত/উল্লেখিত অস্ত্র ক্রয় করেননি বা ক্রয় করে থাকলেও এ কার্যালয়কে অবহিত করেননি, সে সকল লাইসেন্স ১৮৭৮ সনের অস্ত্র আইনের ১৮ (ক) এবং বেঙ্গল আর্মস ম্যানুয়েল ১৯২৪ এর ৪২ বিধিতে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৩/০৮/২০১৬ খ্রি: তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫.৮২৬ নং স্মারকে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ মতে বাতিলযোগ্য।

এমতাবস্থায়, যে সকল ব্যক্তি তাঁদের আগ্নেয়াস্ত্রের লাইসেন্সসমূহ হালনাগাদ করেননি বা অন্য কোন জেলা ম্যাজিস্ট্রেসি হতে নবায়ন করে থাকলেও তা এ কার্যালয়কে অবহিত করেননি বা অস্ত্র ক্রয় সংক্রান্ত তথ্য অবহিত করেননি, তাঁদেরকে এ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে হালনাগাদ নবায়ন অথবা অস্ত্র ক্রয় করা বা না করা সংক্রান্ত তথ্য এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল। অন্যথায় তাঁদের নামীয় আগ্নেয়াস্ত্র লাইসেন্স পরবর্তীতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে বাতিল পূর্বক লাইসেন্সধারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



১৪-২-২০২১

মোঃ মিজানুর রহমান

জেলা ম্যাজিস্ট্রেট

ইমেইল:

dcmymensingh@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৫.৬১০০.০১৭.০১.০০৯.১৯.২০/১(৯১)

তারিখ: ২৮ মাঘ ১৪২৭
১১ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ।
- ৩) জেলা ম্যাজিস্ট্রেট (সকল), ময়মনসিংহ জেলা হতে ইস্যুকৃত কোন আগ্নেয়াস্ত্র লাইসেন্স তাঁর কার্যালয় হতে নবায়ন করা হয়ে থাকলে তার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে অত্র অফিসকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৪) অধিনায়ক-৩৯, বিজিবি, ময়মনসিংহ।
- ৫) পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, ময়মনসিংহ।

৬) উপ-পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ।

৭) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট), ময়মনসিংহ।

৮) সচিব, জেলা পরিষদ, ময়মনসিংহ।


৯) ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, মোমেনশাহী সেনানিবাস, ময়মনসিংহ।

১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ।

১১) সিনিয়র জেলা তথ্য অফিসার, ময়মনসিংহ।। তাঁকে গণ বিজ্ঞপ্তি তাঁর উপজেলায় ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২) প্রোগ্রামার জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ। জেলা প্রশাসকের ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ।

১৩) অফিসার-ইন-চার্জ (সকল) থানা, ময়মনসিংহ।



১৪-২-২০২১

মোঃ মিজানুর রহমান

জেলা ম্যাজিস্ট্রেট